বাংলাদেশের সুবর্ণজয়ন্তী Bangladesh 50

মুজিব শতবর্ষ MUJIB 100

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

# খুলনা সিটি কর্পোরেশন
খুলনা

০৩/০১/২০২২খ্রিঃ তারিখ সোমবার বেলা ১১-০০ ঘটিকায় খুলনা সিটি কর্পোরেশনের "শহীদ আলতাফ মিলনায়তনে" মাননীয় মেয়র **জনাব তালুকদার আব্দুল খালেক মহোদয়** এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত খুলনা সিটি কর্পোরেশনের **১৪তম সাধারণ সভার** কার্যবিবরণীঃ

## সভায় উপস্থিত সম্মানিত কাউন্সিলরবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে) :

১. জনাব মোঃ সাইফুল ইসলাম
২. জনাব মোঃ কবির হোসেন কবু মোল্যা
৩. জনাব শেখ মোহাম্মাদ আলী
৪. জনাব শেখ শামসুদ্দিন আহম্মেদ
৫. জনাব মোঃ সুলতান মাহামুদ
৬. জনাব মোঃ ডালিম হাওলাদার
৭. জনাব এম ডি মাহফুজুর রহমান লিটন
৮. জনাব মুনশী আঃ ওদুদ
৯. জনাব মোঃ মুনিরুজ্জামান
১০. জনাব এস.এম খুরশিদ আহম্মেদ
১১. জনাব মোঃ আমিনুল ইসলাম (মুন্না)
১২. জনাব মোঃ আনিছুর রহমান বিশ্বাস
১৩. জনাব শেখ হাফিজুর রহমান হাফিজ
১৪. জনাব মোঃ হাফিজুর রহমান
১৫. জনাব আশফাকুর রহমান (কাকন)
১৬. জনাব শেখ মোঃ গাউসুল আজম
১৭. জনাব মোঃ শামসুজ্জামান মিয়া স্বপন
১৮. জনাব কাজী আবুল কালাম আজাদ বিকু
১৯. জনাব আলহাজ্ব ইমাম হাসান চৌধুরী ময়না
২০. জনাব মোঃ শমশের আলী মিন্টু
২১. জনাব মোঃ গোলাম মাওলা শানু
২২. জনাব জেড,এ মাহমুদ
২৩. জনাব আজমল আহমেদ
২৪. জনাব মোঃ সাইফুল ইসলাম
২৫. জনাব এস এম মোজাফফর রশিদী রেজা
২৬. জনাব মোঃ আরিফ হোসেন

## সভায় উপস্থিত সংরক্ষিত আসনের সম্মানিত কাউন্সিলরবৃন্দ (স্বাক্ষরের ক্রমানুসারে) :

১. জনাব মনিরা আক্তার
২. জনাব সাহিদা বেগম
৩. জনাব রহিমা আক্তার হেনা
৪. জনাব পারভীন আক্তার
৫. জনাব এ্যাডঃ মেমরী সুফিয়া রহমান শুনু
৬. জনাব শেখ আমেনা হালিম বেবী
৭. জনাব মাহমুদা বেগম
৮. জনাব কনিকা সাহা
৯. জনাব মাজেদা খাতুন
১০. মিসেস রেকসনা কালাম লিলি

সভায় উপস্থিত সরকারি কর্মকর্তাবৃন্দঃ

১. মেট্রোপলিটন পুলিশ কমিশনার, খুলনা।

২. মহাব্যবস্থাপক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোং লিঃ, খুলনা।

৩. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, খুলনা।

৪. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, খুলনা এর পক্ষে।

৫. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, খুলনা এর পক্ষে।

৬. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, খুলনা।

৭. পরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, খুলনা।

৮. চেয়ারম্যান, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা এর পক্ষে তত্ত্বাবধায়ক প্রকৌশলী।

৯. ব্যবস্থাপনা পরিচালক, ওজোপাডিকো লিঃ, খুলনা।

১০. ব্যবস্থাপনা পরিচালক, খুলনা ওয়াসা, খুলনা।

১১. প্রতিনিধি, ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স, খুলনা।

১২. প্রতিনিধি, র‌্যাপিড এ্যাকশন ব্যাটারিয়ান (র‌্যাব)-৬, খুলনা।

**জনাব লস্কার তাজুল ইসলাম, প্রধান নিবার্হী কর্মকর্তা (যুগ্মসচিব)** কেসিসি, উপস্থিত মাননীয় মেয়র মহোদয়, সম্মানিত কাউন্সিলরবৃন্দ, সরকারি বিভিন্ন দপ্তরের প্রতিনিধিবৃন্দ, কেসিসি'র কর্মকর্তা-কর্মচারীবৃন্দকে সালাম ও নববর্ষের শুভেচ্ছা জানিয়ে এবং মেয়র মহোদয়ের অনুমতিক্রমে সভার কার্যক্রম শুরু করেন। এ পর্যায়ে প্রথমে পবিত্র কোরআন হতে তেলাওয়াত করার জন্য ক্বারী মোঃ রফিকুল ইসলামকে অনুরোধ জানালে তিনি পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন।

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১। গত ০৫/১২/২০২১খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ১৩তম সাধারণ সভার কার্যবিবরণী পঠন ও নিশ্চিতকরণ। | **জনাব লস্কার তাজুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)** কেসিসি বলেন, উপস্থিত সকলের সামনে ০৫/১২/২০২১খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ১৩তম সাধারণ সভার কার্যবিবরণী দেয়া হয়েছে। উক্ত কার্যবিবরণীতে কারো কোন বক্তব্য অথবা কোন বিষয়ে সংশোধন, পরিবর্তন বা পরিমার্জন থাকলে তা উত্থাপন করার অনুরোধ জানান।<br><br>**মাননীয় মেয়র মহোদয়সহ** উপস্থিত সকল সম্মানিত কাউন্সিলরবৃন্দ ১৩তম সাধারণ সভার কার্যবিবরণী অনুমোদনে একমত পোষণ করেন। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে গত ০৫/১২/২০২১খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ১৩তম সাধারণ সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | প্রশাসনিক শাখা |
| ২। বীর মুক্তিযোদ্ধা শেখ আব্দুল জলিল এর মৃত্যুতে শোক প্রস্তাব গ্রহণ। | **মাননীয় মেয়র মহোদয়** বলেন, বীর মুক্তিযোদ্ধা জনাব শেখ আব্দুল জলিল বৃহত্তর খুলনারই অংশ রামপালের বাসিন্দা ছিলেন। দেশের জন্য মুক্তিযুদ্ধে তার যথেষ্ট ভূমিকা ও অবদান ছিল। তিনি সরাসরি যুদ্ধে অংশগ্রহণ করেন। কাজের প্রতি তিনি অনেক মনোযোগী ও নিষ্ঠাবান ছিলেন এবং দেশের প্রতি তার অনেক অবদান ছিল। তার প্রতি তিনি শ্রদ্ধা এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জ্ঞাপন করেন। এছাড়া কেসিসির দারোয়ান মোঃ শাহজাহান হাওলাদার মারা যাওয়ায় তার নাম শোক প্রস্তাবে অন্তর্ভুক্ত করে তিনি উভয়ের শোক প্রস্তাব গ্রহণ করার জন্য অভিমত ব্যক্ত করেন। মৃত ব্যক্তিদ্বয়ের আত্মার মাগফিরাত কামনা করার জন্য দোয়া করার নির্দেশনা দেয়ায় সভায় দোয়া অনুষ্ঠিত হয়। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে বীর মুক্তিযোদ্ধা জনাব শেখ আব্দুল জলিল এবং কেসিসির দারোয়ান জনাব মোঃ শাহজাহান হাওলাদার এর মৃত্যুতে শোক প্রস্তাব গৃহীত হয়। | |

| আলোচ্যসূচি | আলোচনা |
|---|---|
| ৩। খুলনা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব) জনাব লস্কার তাজুল ইসলাম এর যোগদান। | **জনাব লস্কার তাজুল ইসলাম, প্রধান নিবার্হী কর্মকর্তা (যুগ্মসচিব)** কেসিসি, খুলনা সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব) হিসেবে তার যোগদান এর বিষয়টি সভায় উপস্থাপন করেন। অত:পর তিনি নিজের পরিচয় তুলে ধরে বলেন, তার নাম লস্কার তাজুল ইসলাম, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্মসচিব, কেসিসিতে প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে গত ২১/১২/২০২১খ্রিঃ তারিখে যোগদান করেছেন। তার কর্মকালীন সময়ে সকলের সার্বিক সহযোগিতা পাবেন বলে তিনি আশা পোষণ করেন। পরস্পরের প্রতি অবশ্যই সম্মানবোধ থাকবে এবং পরস্পরের প্রতি মানবিক হবেন মর্মে তিনি মতবাদ ব্যক্ত করেন। তিনি খুলনাস্থ তেরখাদার কুশলা গ্রামের বাসিন্দা এবং তার চাচা ডাঃ মুনসুর আলী। তিনি বিভিন্ন ডিপার্টমেন্টে কেডিএ, খুলনা ওয়াসা এবং সর্বশেষ কৃষি বিপণন এ খুলনায় কাজ করেছেন। তিনি খুলনা জিলা স্কুলে মাধ্যমিকে লেখা পড়া করেন, বিএল কলেজ থেকে এইচএসসি, ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে আইনে এলএলবি (অনার্স) ও মাষ্টার্স পাশ করেছেন। তার তিনটি ছেলে মেয়ে আছে। তাদের দুইজন খুলনায় লেখাপড়া করছে এবং তার পিতা-মাতা উভয়ই মারা গেছেন। তাঁর পিতা জনাব লস্কার আঃ মান্নান একজন বীর মুক্তিযোদ্ধা ছিলেন। তিনি খুলনাবাসীর জন্য খুলনা উন্নয়নে কাজ করার দৃঢ় অঙ্গীকার ব্যক্ত করেন।<br><br>**জনাব আজমল আহমেদ, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৮,** প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে যোগদান করায় তাকে স্বাগত জানান এবং বলেন, মেয়র মহোদয় অত্যন্ত ডায়ানামিক লোক। সিটি কর্পোরেশন আইনে সকলের পাওয়ার ফাংশন সম্পর্কে ইনস্টল করা আছে। মন্ত্রণালয় কর্তৃক রিক্রুটকৃত কর্মকর্তার সাথে সম্মানিত কাউন্সিলররা সম্পর্ক রেখে কিভাবে মেইনটেইন করবে তা বলা আছে। এজন্য একে অপরের প্রতি শ্রদ্ধাশীল হয়ে কাজ করতে হবে। |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **জনাব শেখ হাফিজুর রহমান হাফিজ, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৭,** প্রধান নির্বাহী কর্মকর্তা যেহেতু খুলনারই মানুষ এবং স্কুল জীবন থেকে কলেজ জীবন পর্যন্ত খুলনাতে লেখাপড়া করেছেন। খুলনা শহরকে দৃষ্টি নন্দন করার জন্য প্রধান নির্বাহী কর্মকর্তার সাথে থেকে যাতে উন্নয়ন কাজ করা যায় সেজন্য তিনি খুলনার প্রতি আন্তরিক হবেন বলে তিনি আশা করেন। তিনি তার সফলতা কামনা করেন। অত:পর মেয়র মহোদয়ের মাধ্যমে উপস্থিত সকলকে পরিচয় দেয়ার জন্য তিনি অনুরোধ করেন। এ পর্যায়ে সকল সম্মানিত কাউন্সিলরবৃন্দ, অন্যান্য সরকারি দপ্তরের প্রতিনিধিবৃন্দ এবং কেসিসির কর্মকর্তাবৃন্দ নিজেদের পরিচয় প্রদান করেন।<br><br>**মাননীয় মেয়র মহোদয়** বলেন, খুলনা সিটি কর্পোরেশনে প্রধান নির্বাহী কর্মকর্তা হিসেবে যোগদানকৃত জনাব লস্কার তাজুল ইসলাম খুলনার মানুষ এবং মুক্তিযোদ্ধা পরিবারের লোক। তাই তিনি খুলনার জন্য আন্তরিক হয়ে কাজ কর্ম করবেন মর্মে আশা রাখেন। | | প্রশাসনিক শাখা |

| আলোচ্যসূচি | আলোচনা |
| --- | --- |
| ৪। গত ২৮/১১/২০২১ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটির সুপারিশমালা প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | **জনাব এস.এম খুরশিদ আহম্মেদ, সভাপতি, বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটি ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৩,** কেসিসি গত ২৮/১১/২০২১ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটির সুপারিশমালা সভায় উপস্থাপন পূর্বক অনুমোদনের অনুরোধ জানান এবং বলেন, এসএনভি ড্রাই স্লাজ দ্বারা জ্বালানী উৎপাদনের কাজে সব কিছু করেছে। এখন তারা এ স্কীম আর চালাবে না। এরপর কেসিসি'র চালানোর কথা। গীতা ইঞ্জিনিয়ারিং তাদের নিজস্ব অর্থায়নে উক্ত স্কীমের কাজ করতে চাচ্ছে। আর কেহ এ কাজ করতে চাচ্ছে না এবং তারা কেসিসি-কে সহযোগিতাও করবে না। তাই এসএনভি কর্তৃক মনোনীত গীতা ইঞ্জিনিয়ারিং দুই বছরের জন্য কাজটি করতে চায় এবং তারা কাজটি সঠিকভাবে করতে পারে কিনা দেখতে হবে। তাই দুই বছরের জন্য ড্রাইস্লাজ দ্বারা উৎপাদিত  জ্বালানী তৈরির কাজটি গীতা ইঞ্জিনিয়ারিংকে দেয়ার সুপারিশ করা হয়েছে। তিনি আরো বলেন,  মেডিকেল বর্জ্য স্বাদিচ্ছা সংস্থাটি অপসারণ করছে। কিন্তু চুক্তি অনুযায়ী তারা ঠিকমত কাজ করছে না এবং তাদের কাজ ধীরগতি।<br><br>**জনাব লস্কার তাজুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)** বলেন, মেডিকেল বর্জ্য ব্যবস্থাপনা সার্ভিস চার্জ বৃদ্ধি সংক্রান্ত সুপারিশটি পরিপূর্ণ হয় নাই। ঢাকা দক্ষিণ ও রাজশাহী সিটি কর্পোরেশনে মেডিকেল ব্যবস্থাপনা কার্যক্রমের সার্ভিস চার্জ কত টাকা বৃদ্ধি করেছে তা সুনির্দিষ্ট নাই।<br><br>**জনাব শেখ হাফিজুর রহমান হাফিজ, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৭,** কেসিসি বলেন, গীতা ইঞ্জিনিয়ারিং তারা পাইলট স্কীমের আওতায় দুই বছরের জন্য পরীক্ষামূলকভাবে ড্রাইস্লাজ দ্বারা উৎপাদিত জ্বালানী তৈরির কাজ করতে চায়। সহকারি কন: অফিসারের  বক্তব্যে বলা হয়েছে মেডিকেল ওয়েষ্ট কার্যক্রমকে আরো গতিশীল করতে কমিটিতে সদস্য অন্তর্ভুক্ত করে থানা ওয়ারি কমিটি গঠন করতে হবে এবং কন: অফিসারের বক্তব্যে বলা হয়েছে স্বাদিচ্ছা মানব কল্যাণ সংস্থার মেডিকেল বর্জ্য অপসারণ কার্যক্রম পরিচালনার জন্য যে ব্যয় সেটা তাদের সমান সমান হয়। বর্জ্য অপসারণে তাদের ছয় মাস সময়ের  সুযোগ দেয়ার সুপারিশ করা হয়েছে। তারা সময় চেয়েছে কি না তিনি জানতে চান। প্রদীপনের বিরুদ্ধে অভিযোগও আছে। তিনি এ বিষয়ে থানাওয়ারি কমিটি গঠন করে দিলে তদারকি করা যাবে মর্মে মতব্যক্ত করেন। তিনি আরো বলেন, এ বিষয়ে এখনি অনুমোদন না দিয়ে বিশেষজ্ঞসহ কমিটি গঠন করে দেখে শুনে বুঝে অনুমোদন দিলে ভাল হয়। |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| **জনাব মোঃ আনিছুর রহমান বিশ্বাস, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৬ বলেন,** মেডিকেল বর্জ্য এর সাথে যারা সংশ্লিষ্ট শুধু তাদের সভায় ডাকলে হবে না, ক্লিনিক মালিকদের এ্যাসোসিয়েশনের ২/১ জনকে সভায় আহবান করতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে গত ২৮/১১/২০২১ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটির সুপারিশমালা সম্পর্কে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় : | |
| **জনাব জেড,এ মাহমুদ, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৭,** বর্জ্য ব্যবস্থাপনা স্থায়ী কমিটির সভাপতি/মেয়র মহোদয় ডায়গনষ্টিক সেন্টারের প্রতিনিধিকে পত্র দিয়ে সভায় ডাকলে তাদের কানে পানি যাবে। | (১) ড্রাই স্লাজ দ্বারা জ্বালানী উৎপাদন সংক্রান্ত কাজের বিষয়ে মাননীয় মেয়র মহোদয়ের উপস্থিতিতে এসএনভি এর সাথে আলোচনা করে এবং বিশেষজ্ঞসহ কমিটি গঠন করে রিপোর্ট অনুযায়ী পরবর্তীতে অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | কঞ্জারভেন্সি শাখা |
| **মাননীয় মেয়র মহোদয়** বলেন, ড্রাই স্লাজ দ্বারা জ্বালানী তৈরির কাজটি আগে যারা করতো সেই এসএনভি এর সাথে আলাপ করতে হবে, বিষয়টি তারা বুঝিয়ে দিবে এবং বিশেষজ্ঞসহ কমিটি গঠন করে দেখে, বুঝে পরে অনুমোদন দেয়া হবে। মেডিকেল বর্জ্য অপসারণ সংক্রান্ত বিষয়ে বর্জ্য অপসারণ কাজকে আরো গতিশীল করার জন্য স্বাদিচ্ছা মানব কল্যাণ সংস্থাকে ০৬(ছয়) মাস সময় দেয়া যেতে পারে তবে প্রদীপন, স্বাদিচ্ছা ও গীতা ইঞ্জিনিয়ারিংসহ সংশ্লিষ্ট সকলকে পত্র দিয়ে সভা আহবান করে সিদ্ধান্ত গ্রহণের অভিমত ব্যক্ত করেন। | (২) মেডিকেল বর্জ্য টেকসই করার লক্ষ্যে বর্জ্য অপসারণের কাজকে আরো গতিশীল করার জন্য স্বাদিচ্ছা মানব কল্যাণ সংস্থাকে ০৬(ছয়) মাসের সময় দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়, অন্যথায় কাজের মান সন্তোষজনক না হলে অন্য সংস্থাকে দিয়ে কাজ করানোর সিদ্ধান্ত গৃহীত হয়। | কঞ্জারভেন্সি শাখা |
| | (৩) প্রদীপন, স্বাদিচ্ছা মানব কল্যাণ সংস্থা ও গীতা ইঞ্জিনিয়ারিংসহ সংশ্লিষ্ট সকলকে পত্র দিয়ে বর্জ্য অপসারণ ত্বরান্বিত করার লক্ষ্যে সভা আহবান করার সিদ্ধান্ত গৃহীত হয়। | কঞ্জারভেন্সি শাখা |

| আলোচ্যসূচি | আলোচনা |
|---|---|
| ৫। গত ০৬/১২/২০২১ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত গ্যারেজ স্থায়ী কমিটির সুপারিশমালা প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | **জনাব জেড,এ মাহমুদ, সভাপতি, গ্যারেজ স্থায়ী কমিটি ও সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-২৭,** গত ০৬/১২/২০২১ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত গ্যারেজ স্থায়ী কমিটির সুপারিশমালা সভায় উপস্থাপন পূর্বক অনুমোদনের অনুরোধ জানান এবং বলেন, গ্যারেজে একটি ক্রেন আছে যা স্ক্যাপ হিসেবে টেন্ডারে বিক্রির সিদ্ধান্ত হয় এবং তার বুক ভেলু ছিল দশ লক্ষ টাকা। সেটা বিক্রির জন্য তিনবার টেন্ডার দেয়া হয়, কিন্তু দুইবার দরপত্র পড়েনি, ৫,৪৫,০০০/-টাকায় একবার দরপত্র পড়েছে। টেন্ডারে কেহ অংশগ্রহণ করছে না বিধায় মেয়র মহোদয় ১২তম সাধারণ সভায় সেটার পূন: মূল্যায়ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। পরবর্তীতে বিআরটিএ প্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলেই সভা করে ক্রেনটির পূ:ন দর ০৬(ছয়) লক্ষ টাকা নির্ধারণ করার সুপারিশ করা হয়। এ ক্রেনটি যারা কিনবে তারা মেরামত করে কার্যকরী করতে পারবে। ক্রেনটি অত্যন্ত শক্তিশালী ও ভাল মানের এবং তা মেরামত করে ভাড়ায় খাটানো যেতে পারে মর্মে তিনি মন্তব্য করেন। এটা নতুন কিনতে গেলে এক কোটি টাকা লাগবে। তিনি আরো বলেন, এ বিষয়ে কিছু জটিলতা আছে। যানবাহন (বেহিক্যাল) যেগুলোর বিআরটিএর রেজিস্ট্রেশন আছে সেগুলো বিক্রি করতে গেলে মন্ত্রণালয়ের অনুমোদন নিতে হয়। আর প্রজেক্ট এর যে যানবাহনগুলোর রেজিষ্ট্রেশন নাই সেগুলো দ্রুত বিক্রি করা যাচ্ছে। গ্যারেজে এত গাড়ী থাকা সত্তেও কোন ইলেক্ট্রিক মিস্ত্রি নাই, বাইরে থেকে ইলেক্ট্রিক মিস্ত্রি এনে কাজ করাতে হয়। সাধারণত গাড়ীতে ইলেক্ট্রিক এর অনেক কাজ থাকে। আউট সোর্সিং এ ড্রাইভার হিসেবে নিয়োগ দিলেও জনবলের অনেকটা সমাধান হবে।<br><br>**জনাব মোঃ আনিছুর রহমান বিশ্বাস, সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড নং-১৬,** কেসিসি বলেন, উক্ত ক্রেনটি সাবেক মেয়র শেখ তৈয়েবুর রহমানের সময় ক্রয় করা হয়। ক্রেনটির খুলনায় অনেক চাহিদা ছিল এবং তা ভাড়ায় চালানো হতো। এসব কাজ কারা করে এবং কেন করে তা তার বুঝে আসে না। বর্তমান মেয়র আমলে খুলনা অঞ্চলের সবচেয়ে আধুনিক এবং একটি ব্র্যান্ড নিউ ক্রেন কেনা হয়, সেটিও পড়ে আছে। কিছুদিন পরে তা স্ক্র্যাপ্ট হয়ে যাবে। ক্রেনটি কেন কেনা হলো, এর কাজ কি এবং কেনইবা পড়ে আছে তার রহস্য জানা যায় না। তাই তিনি এ বিষয়ে একটি তদন্ত কমিটি গঠন করে দেয়ার প্রস্তাব করেন। ইকুইপমেন্ট এর ভাড়ার টাকা সঠিকভাবে জমা হচ্ছে কিনা তা খেয়াল করার জন্য তিনি মেয়র মহোদয়কে অনুরোধ জানান। তাছাড়া গ্যারেজ শাখায় ফোরম্যান মোহাম্মাদ আলী শারীরিক অসুস্থ থাকায় অনেক ইকুইপমেন্ট বসে যাচ্ছে। তার বিকল্প লোক তৈরি করতে হবে নতুবা সেখানে লোক রিক্রুট করতে হবে। তিনি আরো বলেন, সাধারণ সভায় অনুমোদন করিয়ে চুক্তিভিত্তিক লোক নিয়োগ দিয়েও গ্যারেজ শাখার জনবল ঘাটতি পূরণ করা যায়। |

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| জনাব মোঃ আব্দুল আজিজ, নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক) বলেন, গাড়ী বিক্রির বিষয়টি ডিসি অফিসে সভা হয়ে গেছে। বিআরটিএর প্রতিনিধি সেখানে ছিল। এখন এ বিষয়ে মন্ত্রণালয়ে সভা হলেই পুরাতন গাড়ী বিক্রি করা যাবে। গ্যারেজে জনবলের অভাব আছে। মাত্র ৫/৬ জন লোক দিয়ে এ্যাসফল্ট প্লান্ট চালানো হয় এবং একই লোক দিয়ে বিভিন্ন কাজ করানো হয়। সেখানে কোন মেকানিক্যাল লোক নাই। নিজেরা যা পারা যায় তা-ই করা হয়। গ্যারেজে সচল গাড়ি আছে ১৬০টি এবং ড্রাইভার আছে মাত্র ৫০জন। তাই একই ড্রাইভার দিয়ে বিভিন্ন গাড়ী চালানো হয়।<br><br>**মাননীয় মেয়র মহোদয়** বলেন, তিনি আগামীকাল (০৪/০১/২২ তারিখ) সরেজমিনে স্ক্র্যাপট ক্রেনটি পর্যবেক্ষণ করে দেখবেন এবং তা বিক্রি করতে হবে, নাকি মেরামত করতে হবে, তা দেখার পর সিদ্ধান্ত গ্রহণ করা হবে মর্মে অভিমত ব্যক্ত করেন। আউট সোর্সিং এ জনবল নিয়োগ দেয়ার নিমিত্তে অর্থ মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য পাঠানো হয়েছে। এছাড়া তিনি গ্যারেজ শাখাসহ অন্যান্য শাখায় প্রয়োজনীয় জনবল চুক্তিভিত্তিক নিয়োগ দেয়ারও অভিমত ব্যক্ত করেন। | (১) বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে স্ক্র্যাপ্ট হিসেবে কেসিসি'র গ্যারেজে পড়ে থাকা অবিক্রিত ক্রেনটি মাননীয় মেয়র মহোদয় সরেজমিনে পর্যবেক্ষণ করার পর উক্ত ক্রেনটি বিক্রি/মেরামত করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(২) গ্যারেজ শাখাসহ অন্যান্য শাখায় চুক্তিভিত্তিতে প্রয়োজনীয় জনবল নিয়োগ দেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। এ বিষয়ে প্রধান নির্বাহী কর্মকর্তা ,সচিব, প্রধান প্রকৌশলী, নির্বাহী প্রকৌশলী (যান্ত্রিক), প্রশাসনিক কর্মকর্তা বিভাগ অনুসারে জনবল স্বল্পতা নিরুপন করে প্রস্তাব আগামী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | যানবাহন (গ্যারেজ) শাখা<br><br>প্রশাসনিক শাখা |

| আলোচ্যসূচি | আলোচনা |
|---|---|
| ৬। গত ০২/১২/২০২১ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ক্রীড়া ও সাংস্কৃতিক স্থায়ী কমিটির সুপারিশমালা প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | **জনাব লস্কার তাজুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)** গত ০২/১২/২০২১ খ্রিঃ তারিখ অনুষ্ঠিত ক্রীড়া ও সাংস্কৃতিক স্থায়ী কমিটির সুপারিশমালা সভায় উপস্থাপন করেন এবং বলেন, স্বাধীনতার সুবর্ণজয়ন্তীতে বিভিন্ন কর্মসূচি ইতোমধ্যে করা হয়ে গেছে। ব্যয়ের অনুমোদন এবং ব্যয়কৃত টাকার সমন্বয় সংক্রান্ত বিষয়ে অনুমোদনের অনুরোধ জানান।<br>মাননীয় মেয়র মহোদয়সহ উপস্থিত সকলেই এ বিষয়ে অনুমোদন করার জন্য একমত পোষণ করেন। |

| সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|
| (১) স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উপলক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এঁর প্রতিকৃতিতে মাল্যদান, শিশুদের মাঝে চিত্রাঙ্কন প্রতিযোগিতা, মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের রচনা প্রতিযোগিতা, আলোচনা সভা, পুরস্কার বিতরণী উপলক্ষে (৩,৬৮,৯০০+১,৬০০+৩১,২৬৭) =৪,০১,৭৬৭/-টাকার মধ্য হতে ভ্যাট বাবদ ৩১,২৬৭/-টাকা এবং উৎস কর বাবদ ১,৬০০/-টাকা মোট (৩১,২৬৭+১,৬০০)=৩২,৮৬৭/-টাকা বিধি মোতাবেক সরকারি কোষাগারে জমা প্রদান পূর্বক ৩,৬৮,৯০০/-(তিনলক্ষ আটষট্টি হাজার নয়শত) টাকা শিক্ষা ও সাংস্কৃতিক অফিসার জনাব এস কে এম তাছাদুজ্জামানকে ভাউচার সমন্বয় সাপেক্ষে অগ্রিম প্রদানকৃত ব্যয় অনুমোদনের সিদ্ধান্ত গৃহীত হয়। | হিসাব বিভাগ<br>ও<br>শিক্ষা ও সাংস্কৃতিক শাখা |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৭। নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি গঠন প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | **জনাব লস্কার তাজুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)** নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি গঠন সংক্রান্ত বিষয়টি সভায় উপস্থাপন করেন। তিনি আরো বলেন, কেসিসিতে ১৭টি স্থায়ী কমিটি আছে। এ বিষয়টি অন্য কোন স্থায়ী কমিটিতে সংযুক্ত হবে, না কি পৃথক কমিটি গঠন হবে তা মতামত প্রদানের জন্য উপস্থিত সকলকে তিনি অনুরোধ জানান। আইনে বলা আছে প্রয়োজনে যে কোন স্থায়ী কমিটি গঠন করা যাবে।<br><br>**জনাব মোঃ আজমুল হক, সচিব (উপসচিব)** নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি গঠন করা যেতে পারে মর্মে মতামত প্রদান করেন।<br><br>**জনাব আবির উল জব্বার, প্রশাসনিক কর্মকর্তা** বলেন, কেসিসিতে প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন প্রকল্প চলমান আছে, যা ইউএনডিপি অর্থায়ন করে। এ বিষয়ে ডিপিপি যখন পাশ হয় তখন নারী ও শিশু স্থায়ী কমিটি তৈরির কথা বলা ছিল। এখন উক্ত প্রকল্প থেকে বলা হয়েছে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি তাদের অবশ্যই লাগবে।<br><br>**মাননীয় মেয়র মহোদয়** নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি গঠন করার নির্দেশনা প্রদান করেন এবং বেশি এ্যাক্টিভ ও অফিসে যাতায়াতকারী নিম্নোক্ত সম্মানিত কাউন্সিলরবৃন্দ সভাপতি ও সদস্য হবেন মর্মে অভিমত ব্যক্ত করেন:<br><br>(১) মিসেস রেকসনা কালাম লিলি, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-১০, সভাপতি<br>(২) জনাব মনিরা আক্তার, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-১, সদস্য<br>(৩) জনাব পারভীন আক্তার, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-৪, সদস্য<br>(৪) জনাব মাহমুদা বেগম, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-৭, সদস্য<br>(৪) জনাব মাজেদা খাতুন,সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-৯, সদস্য | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি নিম্নরূপে গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়:<br><br>(১) মিসেস রেকসনা কালাম লিলি, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-১০, সভাপতি<br>(২) জনাব মনিরা আক্তার, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-১, সদস্য<br>(৩) জনাব পারভীন আক্তার, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-৪, সদস্য<br>(৪) জনাব মাহমুদা বেগম, সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-৭, সদস্য<br>(৪) জনাব মাজেদা খাতুন,সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত আসন নং-৯, সদস্য | প্রশাসনিক শাখা |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ৮। দারিদ্র হ্রাসকরণ ও প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন স্থায়ী কমিটি প্রসঙ্গে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ। | **জনাব লস্কার তাজুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)** দারিদ্র হ্রাসকরণ ও প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন স্থায়ী কমিটি সংক্রান্ত বিষয়টি সভায় উপস্থাপন করেন।<br>**জনাব আবির উল জব্বার, প্রশাসনিক কর্মকর্তা** বলেন, দারিদ্র হ্রাসকরণ ও প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন স্থায়ী কমিটি নামে নতুন স্থায়ী কমিটি গঠনের জন্য UNDP এর দপ্তর হতে অনুরোধ করা হয়। ইতিমধ্যে ১৭টি স্থায়ী কমিটি গঠন করা আছে এবং অদ্য সভায় “নারী ও শিশু স্থায়ী কমিটি” নামে নতুন একটি স্থায়ী কমিটি গঠন করা হয়েছে। তাই আরো নতুন স্থায়ী কমিটি গঠন না করে “নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটি” দারিদ্র হ্রাসকরণ ও প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন বিষয়ক কাজ সম্পন্ন করতে পারে।<br>**মাননীয় মেয়র মহোদয়** বলেন, দারিদ্র হ্রাসকরণ ও প্রান্তিক জনগোষ্ঠির জীবনমান উন্নয়ন বিষয়ক কাজ নগর পরিকল্পনা ও উন্নয়ন কমিটির সাথে মার্জ করার নির্দেশনা প্রদান করেন। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে দারিদ্র হ্রাসকরণ ও প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন স্থায়ী কমিটি নতুন করে গঠন না করে নগর পরিকল্পনা ও উন্নয়ন স্থায়ী কমিটি-কে এ দায়িত্ব পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক শাখা |

<table>
<tr><th>আলোচ্যসূচি</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়ন</th></tr>
<tr>
<td>৯। বিবিধ-১ :</td>
<td>
জনাব মোঃ আজমুল হক, সচিব (উপসচিব) বলেন, জন্ম-মৃত্যু নিবন্ধন প্রশিক্ষণ আগামীকাল (০৪/০১/২০২২) সকাল ৯-৩০ মি: জেলা প্রশাসকের কার্যালয়ে অনুষ্ঠিত হবে এবং এ জন্য সকলকে পত্র প্রদান করা হয়েছে। তবুও এ সভায় উপস্থিত সম্মানিত কাউন্সিলরদের অবগতির জন্য নিম্নোক্ত তথ্যাবলী জানানো হচ্ছে।
<table>
<tr><th>প্রশিক্ষণের তারিখ দিন ও সময়সূচি</th><th>প্রশিক্ষণার্থী</th><th>প্রশিক্ষনের স্থান</th></tr>
<tr><td>০৪/০১/২২<br>মঙ্গলবার<br>সকাল ৯-৩০মি:</td><td>(১) ০১ থেকে ১৬নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলরগণ।<br>(২) সংরক্ষিত আসন নং-১,২,৩,৪ ও ৫ এর সম্মানিত কাউন্সিলরগণ।<br>(৩) জনাব জাহিদ হোসেন শেখ, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), কেসিসি।<br>(৪) ডাঃ শরীফ শাম্মীউল ইসলাম, স্বাস্থ্য কর্মকর্তা, কেসিসি।<br>(৫) জনাব রনজিত কুমার বিশ্বাস, উচ্চমান সহকারী, জনস্বাস্থ্য বিভাগ, কেসিসি।<br>(৬) জনাব তরিকুল ইসলাম, আই.টি সহকারী, কেসিসি।<br>(৭) জনাব মাহবুব হোসেন, আই.টি শাখা, কেসিসি।<br>(৮) ১৬জন জন্ম ও মৃত্যু নিবন্ধন সহকারী</td><td>জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা</td></tr>
<tr><td>০৫/০১/২২<br>বুধবার<br>সকাল ৯-৩০মি:</td><td>(১) ১৭ থেকে ৩১নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলরগণ।<br>(২) সংরক্ষিত আসন নং-৬,৭,৮,৯ ও ১০ এর সম্মানিত কাউন্সিলরগণ।<br>(৩) ডাঃ স্বপন কুমার হালদার,প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, কেসিসি।<br>(৪) জনাব সাজেদা খাতুন, স্বাস্থ্য সহকারী, স্বাস্থ্য বিভাগ, কেসিসি।<br>(৫) জনাব ফাল্গুনী ইসলাম, আই.টি শাখা, কেসিসি।<br>(৬) জনাব মোঃ জাকির আহমেদ, আই.টি শাখা, কেসিসি।<br>(৭) জনাব এস,এম সুলতানুর রহমান, স্বাস্থ্য সহকারী, জনস্বাস্থ্য বিভাগ, কেসিসি।<br>(৮) ১৫জন জন্ম ও মৃত্যু নিবন্ধন সহকারী।</td><td>জেলা প্রশাসকের কার্যালয়, খুলনা</td></tr>
</table>
মেয়র মহোদয় বলেন, জেলা প্রশাসকের কার্যালয়ে জন্ম-মৃত্যু নিবন্ধন সংক্রান্ত বিষয়ে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানান।
</td>
<td>
বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সম্মানিত কাউন্সিলর ও কর্মকর্তা-কর্মচারীদেরকে জেলা প্রশাসকের কার্যালয়ে অনুষ্ঠেয় জন্ম-মৃত্যু নিবন্ধন সংক্রান্ত প্রশিক্ষণে নির্ধারিত তারিখে ও দিন-ক্ষনে অংশগ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয় :
<table>
<tr><th>প্রশিক্ষণের তারিখ দিন ও সময়সূচি</th><th>প্রশিক্ষণার্থী</th></tr>
<tr><td>০৪/০১/২২<br>মঙ্গলবার<br>সকাল ৯-৩০মি:</td><td>(১) ০১ থেকে ১৬নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলরগণ।<br>(২) সংরক্ষিত আসন নং-১,২,৩,৪ ও ৫ এর সম্মানিত কাউন্সিলরগণ।<br>(৩) জনাব জাহিদ হোসেন শেখ, নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ), কেসিসি।<br>(৪) ডাঃ শরীফ শাম্মীউল ইসলাম, স্বাস্থ্য কর্মকর্তা, কেসিসি।<br>(৫) জনাব রনজিত কুমার বিশ্বাস, উচ্চমান সহকারী, জনস্বাস্থ্য বিভাগ, কেসিসি।<br>(৬) জনাব তরিকুল ইসলাম, আই.টি সহকারী, কেসিসি।<br>(৭) জনাব মাহবুব হোসেন, আই.টি শাখা, কেসিসি।<br>(৮) ১৬জন জন্ম ও মৃত্যু নিবন্ধন সহকারী</td></tr>
<tr><td>০৫/০১/২২<br>বুধবার<br>সকাল ৯-৩০মি:</td><td>(১) ১৭ থেকে ৩১নং ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলরগণ।<br>(২) সংরক্ষিত আসন নং-৬,৭,৮,৯ ও ১০ এর সম্মানিত কাউন্সিলরগণ।<br>(৩) ডাঃ স্বপন কুমার হালদার,প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, কেসিসি।<br>(৪) জনাব সাজেদা খাতুন, স্বাস্থ্য সহকারী, স্বাস্থ্য বিভাগ, কেসিসি।<br>(৫) জনাব ফাল্গুনী ইসলাম, আই.টি শাখা, কেসিসি।<br>(৬) জনাব মোঃ জাকির আহমেদ, আই.টি শাখা, কেসিসি।<br>(৭) জনাব এস,এম সুলতানুর রহমান, স্বাস্থ্য সহকারী, জনস্বাস্থ্য বিভাগ, কেসিসি।<br>(৮) ১৫জন জন্ম ও মৃত্যু নিবন্ধন সহকারী।</td></tr>
</table>
</td>
<td>প্রশাসনিক শাখা</td>
</tr>
</table>

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| বিবিধ-২ : | **জনাব মোঃ আজমুল হক, সচিব (উপসচিব)** বলেন, আগামি ২২/০১/২০২২খ্রিঃ তারিখ থেকে ২৭/০১/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত কিশোরী ফুটবল টুর্নামেন্ট সংক্রান্ত বিষয়ে ০৬/০১/২০২২খ্রিঃ তারিখ বেলা ১২-৩০ টায় মেয়র কাপ কিশোরী ফুটবল টুর্নামেন্ট সভা হবে। উক্ত সভায় আমন্ত্রণ পত্র দেয়া হয়েছে। সম্মানিত কাউন্সিলরগণকে উক্ত সভায় উপস্থিত হওয়ার জন্য তিনি অনুরোধ জানান।<br><br>**মাননীয় মেয়র মহোদয়** বলেন, কিশোরী ফুটবল টুর্নামেন্ট ২০২২ সংক্রান্ত সভায় আগামি ০৬/০১/২০২২খ্রিঃ তারিখ সকলকে হাজির হওয়ার অনুরোধ জানান। এছাড়া ইউনিসেফের সহযোগিতায় কিশোরী ফুটবল টুর্নামেন্ট ২০২২ অনুষ্ঠিত হবে। পূর্বের ন্যায় সংরক্ষিত আসনের ১০জন সম্মানিত কাউন্সিলর কিশোরী ফুটবল টিমের টিম লিডার হবেন এবং সাধারণ ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলরগণ তাদের সহযোগিতা করবেন। খুলনা জিলা স্কুলে এ খেলা অনুষ্ঠিত হবে। বাইরে থেকে কোন খেলোয়াড় আনা যাবে না। ৭ম শ্রেণি পর্যন্ত স্কুল পড়ুয়া (অনূর্দ্ধ ১৩ বছর বয়স্ক) কিশোরী এ খেলায় অংশগ্রহণ করবে। এজন্য জন্ম নিবন্ধন আনতে হবে এবং প্রতি টিমে ১৮জন খেলোয়াড় থাকবে মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে ইউনিসেফের সহযোগিতায় অনুষ্ঠেয় মেয়র কাপ কিশোরী ফুটবল টুর্নামেন্ট ২০২২ সংক্রান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়: | |
| | | (১) কিশোরী ফুটবল টুর্নামেন্ট সংক্রান্ত বিষয়ে ০৬/০১/২০২২খ্রিঃ তারিখ অনুষ্ঠেয় সভায় সম্মানিত কাউন্সিলরগনের উপস্থিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | শিক্ষা ও সাংস্কৃতিক শাখা |
| | | (২) আগামি ২২/০১/২০২২খ্রিঃ তারিখ থেকে ২৭/০১/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত খুলনা জিলা স্কুল মাঠে কিশোরী ফুটবল টুর্নামেন্ট-২০২২ অনুষ্ঠিত হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | শিক্ষা ও সাংস্কৃতিক শাখা |
| | | (৩) সংরক্ষিত আসনের সম্মানিত কাউন্সিলরগণ কিশোরী ফুটবল টিমের টিম লিডার হবেন এবং সাধারণ ওয়ার্ডের সম্মানিত কাউন্সিলরগণ তাদের সহযোগিতা করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া ৭ম শ্রেণি পর্যন্ত স্কুল পড়ুয়া (অনূর্দ্ধ ১৩ বছর বয়স্ক) কিশোরী এ খেলায় অংশগ্রহণ করবে। এজন্য জন্ম নিবন্ধন আনতে হবে এবং প্রতি টিমে ১৮জন খেলোয়াড় থাকবে মর্মেও সিদ্ধান্ত গৃহীত হয়। | শিক্ষা ও সাংস্কৃতিক শাখা |

| আলোচ্যসূচি | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| বিবিধ-৩ : | **জনাব লস্কার তাজুল ইসলাম, প্রধান নির্বাহী কর্মকর্তা (যুগ্মসচিব)** বলেন, ইউরোপ মহাদেশে ওমিক্রন যেভাবে বিস্তার লাভ করেছে তাতে এ উপমহাদেশেও সে রকম খুব শীঘ্রই ওমিক্রন এর জোয়ার আসতে পারে। সে কারণে সম্মানিত কাউন্সিলরবৃন্দ ও কেসিসি'র বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ সভা করে জনগণকে অবহিত করাসহ মাস্ক ব্যবহার, হাতে সাবান দেয়া, পরিস্কার-পরিচ্ছন্ন থাকা এবং এখনো যারা টিকা নেয়নি তাদের টিকা নেয়া ইত্যাদি বিষয়ে এলাকার মানুষকে সচেতন করার অনুরোধ জানান। ৬০ বছরের উর্দ্ধে বয়স্ক লোকদের এখন করোনার বুস্টার ডোজ দেয়া হচ্ছে এবং তিনি নিজে আগামিকাল বুস্টার ডোজ টিকা নিবেন মর্মে সভা-কে জানান।<br><br>**মাননীয় মেয়র মহোদয়** বলেন, গত করোনার সময় সম্মানিত কাউন্সিলরবৃন্দসহ দলীয় নেতা কর্মীরা জীবনকে বাজী রেখে মানুষের সেবায় অনেকে কাজ করেছেন। তাদের অনেকেই আমাদের মাঝে নাই। ওমিক্রনের হাত থেকে রক্ষার জন্য আমাদেরকে সাবধান থাকতে হবে। জনগণকে সচেতন করা সম্মানিত কাউন্সিলরদের একটা বাড়তি দায়িত্ব আছে। বিপদ যখন আসবে তখন আল্লাহ ছাড়া কেহ রক্ষা করতে পারবে না। তাই সাবধানতা অবলম্বনসহ মুখে মাস্ক পরা, বাড়িতে ঢোকার আগে ও পরে সাবান দিয়ে বার বার হাত ধোয়া ও পরিস্কার পরিচ্ছন্ন থাকা এবং সামাজিক দূরত্ব বজায় রাখতে হবে। এসব সাবধানতা অবলম্বন করলে হয়তো কিছুটা রক্ষা পাওয়া যাবে মর্মে জনগণকে বুঝাতে হবে। | বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:<br><br>(১) সম্মানিত ওয়ার্ড কাউন্সিলরগণ ওয়ার্ড এলাকার জনগণকে নিয়ে কোভিড সংক্রান্তে ওমিক্রন বিস্তার রোধকল্পে সভা করে মাস্ক ব্যবহার করা, বার বার হাতে সাবান দেয়া, পরস্পরের মধ্যে সামাজিক দূরত্ব বজায় রাখা, পরিস্কার পরিচ্ছন্ন থাকা ইত্যাদি বিষয়ে জনগণকে অবহিত করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>(২) কেসিসি'র বিভিন্ন দপ্তরের কর্মকর্তাগণ সভা করে কোভিড সংক্রান্তে ওমিক্রন বিস্তার রোধকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসনিক শাখা<br><br>বিভাগীয় প্রধানগণ, কেসিসি। |

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সরকারি বিভিন্ন দপ্তর থেকে আগত প্রতিনিধিবৃন্দ অত্র সভায় উপস্থিত হওয়ার জন্য তিনি তাদেরসহ উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্মারক নং-কেসিসি/সেঃবিঃ/সাঃপ্রঃশাঃ/।।।-৩৬১(৫)/২২-১৮১(৩) তারিখ-২৭/৭/২২

অনুলিপি জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলোঃ

১। মেয়র প্যানেলের সদস্য/সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড/সংরক্ষিত আসন নং-............., খুলনা সিটি কর্পোরেশন।
২। সম্মানিত কাউন্সিলর, ওয়ার্ড/সংরক্ষিত আসন নং-............., খুলনা সিটি কর্পোরেশন।

তালুকদার আব্দুল খালেক
মেয়র
খুলনা সিটি কর্পোরেশন।

স্মারক নং-কেসিসি/সেঃবিঃ/সাঃপ্রঃশাঃ/।।।-৩৬১(৫)/২২-১৮১(৭) তারিখ-২৭/৭/২০২২

অনুলিপি সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। ..........................................................
৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, খুলনা সিটি কর্পোরেশন।
৪। বিভাগীয় প্রধান (সকল),খুলনা সিটি কর্পোরেশন।
৫। শাখা প্রধান (সকল),খুলনা সিটি কর্পোরেশন।
৬। সি.এ টু মেয়র, খুলনা সিটি কর্পোরেশন।
৭। সংশ্লিষ্ট নথি।

তালুকদার আব্দুল খালেক
মেয়র
খুলনা সিটি কর্পোরেশন।